

# Times Today BD

বিনোদন ডেস্ক | বিনোদন | 26 April, 2025

ভারতের রিপাবলিক বাংলার সাংবাদিক ময়ূখ রঞ্জন ঘোষ সম্প্রতি বাংলাদেশ নিয়ে বিতর্কিত মন্তব্য করে সমালোচনার মুখে পড়েছেন। শুধু বাংলাদেশের মানুষ নয়, কলকাতারও বহু মানুষ ও সেলিব্রেটি তার বিরুদ্ধে মুখ খুলেছেন।

এই তালিকায় এবার যোগ দিলেন টালিউডের গুণী অভিনেতা ঋত্বিক চক্রবর্তী। শুক্রবার (২৫ এপ্রিল) দুপুরে নিজের ফেসবুক পেজে একটি পোস্ট করে তিনি পরোক্ষভাবে ময়ূখকে কটাক্ষ করেন।

ঋত্বিক লেখেন, “ধরুন একটা গাধার নাম দিলেন ময়ূর আর তাকে কালারফুল করতে পাশে বসালেন রঞ্জন, তাহলে পুরোটা হল ‘ময়ূররঞ্জন’।” পোস্টটি মুহূর্তে ভাইরাল হয়ে পড়ে। কেউ কেউ একে বছরের সেরা ব্যঙ্গাত্মক পোস্ট বলেও অভিহিত করেছেন। অনেকেই বুঝে নেন, এ কথার নিশানায় রয়েছেন ময়ূখ রঞ্জন ঘোষই।

উল্লেখ্য, ময়ূখ রঞ্জন রিপাবলিক বাংলার সিনিয়র এডিটর ও ইনপুট প্রধান হিসেবে কর্মরত। এর আগেও টালিউডের অভিনেতা দেব ও রুক্মিণীর সঙ্গে ছবি তুলে সমালোচনায় পড়েছিলেন তিনি। অনেকেই মনে করছেন, বারবার বিতর্কে জড়িয়েই নিজের পরিচিতি বাড়াতে চাইছেন এই সাংবাদিক।

সাংবাদিক ভারত বাংলাদেশ ময়ূখ রঞ্জন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 08:50

URL: <https://www.timestodaybd.com/entertainment/1455741081>